# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৪৮১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫০. প্রথম অনুচ্ছেদ - সূর্যগ্রহণ ও চন্দ্রগ্রহণের সালাত

بَابُ صَلَاةِ الْخُسُوْفِ

### আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: جَهَرَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي صَلَاةِ الخسوف بقرَاءته

### বাংলা

১৪৮১-[২] ’আয়িশাহ্ (রাঃ) হতে এ হাদীসটিও বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাতে খুসূফে তাঁর ক্বিরাআত (কিরআত) স্বরবে পড়লেন। (বুখারী, মুসলিম)[1]

### ফুটনোট

[1] সহীহ : বুখারী ১০৬৫, মুসলিম ৯০১, শারহুস্ সুন্নাহ্ ১১৪৬।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীস সুস্পষ্ট দলীল যে, সূর্যগ্রহণের সালাতের ক্বিরাআত (কিরআত) সশব্দে হতে হবে। নীরবে হবে না। এটা আরও প্রমাণ করে যে, সুন্নাত হল সশব্দে নীরবে না। অনুরূপ হাদীস আসমা হতে বর্ণিত আছে বুখারীতে। এ সালাত (সালাত/নামায/নামাজ) সররে ও নীরবে পড়ার ব্যাপারে মতভেদ আছে তবে শক্তিশালী মত হল সশব্দে বা স্বরবে পড়া, কারণ এ ব্যাপারে সহীহ ও অধিকাংশ হাদীস বর্ণিত হয়েছে আর এটা হ্যাঁ সূচক যা না বাচকের উপরে প্রাধান্য পাবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56041

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন